বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক

কেডিএ এভিনিউ শাখা, খুলনা

অর্থ ঋণ আদালত আইন (সংশোধনী-২০১০)-এর ধারা ১২(৩) অনুযায়ী

নিলাম বিজ্ঞপ্তি

বেসিক ব্যাংক লিমিটেড, কেডিএ এভিনিউ শাখা, খুলনা-এর ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান: **মেসার্স রহমান ট্রেডার্স,** স্বত্ত্বাধিকারী-**এস. ওয়াহিদুর রহমান (বাবু),** পিতা: শেখ আব্দুল হাকিম, সাং- বাড়ি নং- ১৪৪, বাগমারা মেইন রোড, খুলনা- ৯১০০ কর্তৃক গৃহীত ঋণের বিপরীতে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বন্ধক রাখেন। উক্ত ঋণ গ্রহীতা ঋণের টাকা পরিশোধ না করায় ইং ৩০.০৪.২০২৩ তারিখ পর্যন্ত বকেয়া স্থিতি ও অনারোপিত সুদসহ মোট পাওনা দাঁড়িয়েছে **৩,০৩,৩৪,০১৫.২৬ (তিন কোটি তিন লক্ষ চৌত্রিশ হাজার পনের টাকা ছাব্বিশ পয়সা) টাকা**। উক্ত পাওনা টাকা, অন্যান্য খরচ এবং আদায়কালতক সুদ আদায়ের নিমিত্বে অর্থঋণ আদালতের বিধান মর্মে প্রদত্ত ক্ষমতা বলে তফসিল বর্ণিত বন্ধককৃত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তাদিতে আগ্রহী ক্রেতার নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

:শর্তাবলী:

১) আগামী ইং **৩১/০৫/২০২৩** তারিখে বিকাল ২.০০ ঘটিকার মধ্যে দরপত্র সরাসরি বেসিক ব্যাংক লি:, কেডিএ এভিনিউ শাখায় রক্ষিত বাক্সে অথবা রেজিষ্টার্ড ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে নিম্ন স্বারকারীর নিকট পৌছাইতে হইবে এবং ঐ দিনই বিকাল ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাগণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

২) দাখিলকৃত দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট স্বাক্ষরে 'সম্পত্তি ক্রয় ও দরপত্র প্রস্তাব' এবং দাতাদের স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা দরপত্রে উল্লেখ করিতে হইবে।

৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য জামানত (আর্নেস্ট মানি) স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বেসিক ব্যাংক লিমিটেড, কেডিএ এভিনিউ শাখা, খুলনা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে ও অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল:

ক্র:নং	আর্নেস্ট মানি/জামানতের পরিমান	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক)	উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার ৩০(ত্রিশ) দিবসের মধ্যে
খ)	উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০.০০ লক্ষ টাকা হইলে দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার ৬০(ষাট) দিবসের মধ্যে
গ)	উদ্ধৃত দর ৫০.০০ লাখ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার ৯০ (নব্বই) দিবসের মধ্যে

৪) দরপত্রে তফসিল সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বেসিক ব্যাংক লি: কেডিএ এভিনিউ শাখা দরপত্র প্রস্তাব বাতিল করিতে পারিবে। ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল হইবে।

৫) তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি,পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ যেকোন পাওনা দায়ের বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায় দায়িত্ব বেসিক ব্যাংক লি: এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করিতে হইবে।

৬) কৃতকার্য দরদাতার অনুকুলে শর্তপালন সাপেক্ষে বর্ণিত বন্ধকী সম্পত্তির দখল প্রয়োজনে অর্থঋণ আদালত আইন ২০০৩ এর বিধান মোতাবেক বেসিক ব্যাংক লি: জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে হস্তান্তর করার ব্যবস্থা গ্রহণ করিবে এবং কৃতকার্য দরপত্র দাতাকে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিস্ট্রি ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।

৭) সর্বোচ্চ দরপত্র দাতা দরপত্রের শর্তানুযায়ী অর্থ পরিশোধে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ পরবর্তী দরপত্র দাতার দরপত্র গ্রহণযোগ্য হইলে উহা বিবেচনা করিতে পারিবেন।

৮) বেসিক ব্যাংক লি: কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করিবে।

৯) একই তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না। তবে দরপত্র দাতাগণ পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র কিংবা তফসিলভূক্ত সকল সম্পত্তির জন্য যৌথভাবে দরপত্র দিতে পারিবেন।

:বন্ধকী সম্পত্তির তফসিলসমূহ:

১০.৫০ শতক জমিসহ উহার উপর নির্মিত ৩২০০ বর্গফুট আয়তনের ০২ তলা ভবন ঠিকানা-জেলা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- খুলনা, মৌজা-বানিয়াখামার, জে.এল. নং-৩, সি.এস. খতিয়ান নং-২৪৫২, এস.এ. খতিয়ান নং-২৬৩৫, বি.আর.এস. খতিয়ান নং-৪০৪৪, সি.এস. দাগ নং-৫৮৮৭, এস.এ. দাগ নং-৬৯০৬, বি.আর.এস. দাগ নং-২৮২৬০।

সহকারী মহাব্যবস্থাপক
কেডিএ এভিনিউ শাখা, খুলনা।
ফোন : ০২-৪৭৭৭২৮৯২০

প্রকাশ ঃ ০৪/০৫/২০২৩ইং
দৈনিক সমকাল ও দৈনিক পূর্বাঞ্চল (স্থানীয় খুলনা)